# বিএনপি নেতাদের সঙ্গে চীনা রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন মঙ্গলবার (৮ জুলাই) বিএনপি নেতাদের সঙ্গে একটি সৌজন্য সাক্ষাতে মিলিত হয়েছেন। সকাল ১১টার দিকে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে প্রতিনিধি দলে ছিলেন দলের স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, ড. আব্দুল মঈন খান, বেগম সেলিমা রহমান এবং চেয়ারপারসনের একান্ত সচিব এবিএম আবদুস সাত্তার। দলীয় নেতারা রাষ্ট্রদূতকে উষ্ণ অভ্যর্থনা জানান এবং সৌজন্য বিনিময় করেন।

বিএনপি চেয়ারপারসনের প্রেস উইংয়ের কর্মকর্তা শামসুদ্দিন দিদার গণমাধ্যমকে জানান, এটি একটি সৌজন্য সাক্ষাৎ ছিল এবং এটি প্রায় ঘণ্টাখানেক স্থায়ী হয়। তবে, বৈঠকে কী বিষয়ে আলোচনা হয়েছে সে সম্পর্কে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি।

বিশ্লেষকদের মতে, সাম্প্রতিক রাজনৈতিক প্রেক্ষাপট, আঞ্চলিক পরিস্থিতি, নির্বাচন ইস্যু কিংবা দ্বিপাক্ষিক সম্পর্কের প্রসঙ্গ উঠে আসতে পারে এই আলোচনায়। তবে কোনো পক্ষ থেকেই আলোচনার বিষয়বস্তু গণমাধ্যমে প্রকাশ করা হয়নি, যা রাজনৈতিক অঙ্গনে কৌতূহল সৃষ্টি করেছে।

চীন দীর্ঘদিন ধরেই বাংলাদেশে বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কূটনৈতিক কার্যক্রমে সক্রিয়। অন্যদিকে, বিএনপি বিভিন্ন আন্তর্জাতিক মিত্রের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে—বিশেষ করে চলমান রাজনৈতিক সংকট, নির্বাচনী পরিবেশ ও মানবাধিকার ইস্যুতে। এ প্রেক্ষাপটে এই সাক্ষাৎকে গুরুত্বপূর্ণ বলেই মনে করছেন পর্যবেক্ষকরা।